

কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ-৮

(১৫ মার্চ ২০২৫ হতে ৩১ মার্চ ২০২৫)

১। ২৬শে মার্চ ২০২৫ মহান সাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে বাংলাদেশ জেল এর পক্ষ হতে প্রতিটি কারাগার বীর শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।



২। বাংলাদেশ জেল এ কর্মরত ০৫ জন কর্মকর্তা কারা তত্ত্বাবধায়ক হতে সিনিয়র কারা তত্ত্বাবধায়ক পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ায় মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয় র্যাংক ব্যাজ প্রদান করেন। এছাড়াও ০৭ জন উচ্চমান সহকারীকে প্রধান সহকারী পদে এবং ০১ জন উচ্চমান সহকারীকে ভ্রাম্যমান নিরীক্ষক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। পদোন্নতি প্রাপ্ত সকলকে কারা মহাপরিদর্শক মহোদয় আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। পরবর্তীতে ও বাংলাদেশ জেল এ পদোন্নতি যোগ্য সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির এই ধারা অব্যাহত থাকবে।



৩। ১৯.০৩.২০২৫ তারিখ কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি মহোদয় চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে অনুষ্ঠিত কর্মকর্তা ও কর্মচারীদের এইচআইভি/এইডস বিষয়ক কর্মশালায় “রিসোর্স পারসন” হিসেবে অংশগ্রহণ করেন। এইচআইভি/এইডস বিষয়ক কর্মশালা শেষে চিকিৎসক প্রতিনিধি দল কারা হাসপাতাল পরিদর্শন করেন।



প্রকাশনায়: প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট।

৪। পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৫ উপলক্ষে মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয় বাংলাদেশ জেল এ কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের ঈদের শুভেচ্ছা জানিয়েছেন। পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে বিশেষ প্রণোদনা দেওয়া হয়েছে।



৫। ২২.০৩.২০২৫ তারিখে মেট্রোপলিটন কারাগার বাদাঘাট, সিলেট এ আর.পি গেইটে দায়িত্বরত কারারক্ষী নং ২৩৩৪৪ ইমাম উদ্দিন দর্শনার্থীর দেহ তল্লাশি করে ২০ গ্রাম গাঁজা উদ্ধার করেন। মাদক প্রবেশ রোধে তল্লাশি কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশ প্রদান করা হলো।



৬। পবিত্র মাহে রমজান মাসে কুমিল্লা কেন্দ্রীয় কারাগার, রাঙ্গামাটি জেলা কারাগার ও খাগড়াছড়ি জেলা কারাগারে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মাঝে ইফতার ও দোয়া মাহফিল এর আয়োজন করা হয়।



৭। বাংলাদেশ জেল এ কর্মরত আউট সোর্সিং কর্মচারীদের পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৫ উপলক্ষে উৎসব ভাতা হিসেবে ৫০০০/- টাকা করে প্রদান হয়েছে।

৮। অনিয়মের সাথে জড়িত থাকায় কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার, গাজীপুরে কর্মরত কারারক্ষী নং ১৫১৬১ সাজু আহমেদ, কারারক্ষী নং ১৪৬৮০ আসমত ও মেট্রোপলিটন কারাগার বাদাঘাট, সিলেট এ কর্মরত কারারক্ষী নং ০০৭৮৯ মোঃ আল আমিন এবং কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুর এ কর্মরত কারারক্ষী নং ১৩৯৩৫ মোঃ আরিফ হোসেনকে সাময়িক বরখাস্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করা হয়। সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের এ সকল কর্মকান্ড হতে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উক্ত বিষয়সমূহ সকল পর্যায়ে সদস্যদের জ্ঞাতার্থে রোলকল/দরবারে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।



বাংলাদেশ জেল